

# যুগান্তর

## দেশীয় চার প্রকল্প পেল অ্যাসোসিও সম্মাননা

প্রকাশ : ১১ নভেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

আইটি ডেস্ক



টোকিওর এনা ইন্টারন্যাশনাল হোটেলে অ্যাসোসিও ডিজিটাল সামিট ২০১৮-তে আগতরা

এশিয়া-ওশেনিয়া অঞ্চলের তথ্যপ্রযুক্তি খাতের সংগঠনগুলোর সংস্থা অ্যাসোসিওর ‘অ্যাসোসিও ডিজিটাল সামিট ২০১৮’-তে চারটি বিভাগে সম্মাননা পেয়েছে দেশের চার সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান।

৯ নভেম্বর শুক্রবার সংবাদমাধ্যমে পাঠানো এক বিজ্ঞপিতে এ তথ্য জানানো হয়। সম্প্রতি জাপানের রাজধানী টোকিওর এনা ইন্টারন্যাশনাল হোটেলে ‘অ্যাসোসিও ডিজিটাল সামিট ২০১৮’-এর ‘অ্যাসোসিও অ্যাওয়ার্ড সিরেমনি’তে এ চারটি প্রতিষ্ঠানের নাম ঘোষণা করা হয়।

অ্যাসোসিও আইসিটি অ্যাওয়ার্ড ২০১৮-তে আউটস্ট্যান্ডিং আইসিটি কোম্পানি অ্যাওয়ার্ড বিভাগে বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিসিএসসিএল) সম্মাননা অর্জন করে।

আউটস্ট্যান্ডিং ইউজার অর্গানাইজেশন অ্যাওয়ার্ড অর্জন করে বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ)। ন্যাশনাল আইসিটি ইনফ্রা-নেটওয়ার্ক ফর বাংলাদেশ গভর্নমেন্ট প্রজেক্ট (ইনফো সরকার) ডিজিটাল গভর্নমেন্ট অ্যাওয়ার্ডে ভূষিত হয়। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি আইসিটি অ্যাডুকেশন অ্যাওয়ার্ড অর্জন করে।

চারটি ক্যাটাগরিতে সম্মাননা অর্জন প্রসঙ্গে বাংলাদেশ কম্পিউটার সমিতির (বিসিএস) সভাপতি প্রকৌশলী সুরত সরকার বলেন, ‘তথ্যপ্রযুক্তির এশিয়া-ওশেনিয়া অঞ্চলের সবচেয়ে বৃহৎ সংগঠন অ্যাসোসিও থেকে চারটি ক্যাটাগরিতে সম্মাননা অর্জন আমাদের জন্য নিঃসন্দেহে শ্রেষ্ঠ অর্জন। এর মধ্যে বঙ্গবন্ধু স্যাটেলাইট এই প্রথম আন্তর্জাতিক সম্মাননা অর্জন করল।’

‘আমরা প্রকল্পগুলো সম্পর্কে সঠিক এবং যুগোপযোগী তথ্য গুরুত্বের সঙ্গে উপস্থাপন করতে পেরেছি বলেই আজকের সফলতা অর্জিত হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়ের দূরদর্শী নির্দেশনা তথ্যপ্রযুক্তিতে সারা পৃথিবীতে আমরা রোল মডেল হয়েছি। এভাবেই একদিন আমরা তথ্যপ্রযুক্তিতে সবাইকে ছাড়িয়ে যাব।’

এই সামিটে বিসিএস সদস্য প্রতিষ্ঠানগুলোর সঙ্গে জাপানের বিভিন্ন তথ্যপ্রযুক্তি সংগঠনের বিটুবি অনুষ্ঠিত হয়। ডাটা সফট, শ্রেয়া ইলেকট্রনিক্স, ক্লাউড টেকনোলজি বিডিসহ অন্য তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠানগুলো জাপানের বিভিন্ন ব্যাংকের উচ্চপদস্থ কর্মকর্তাদের সঙ্গে ব্যবসাসংক্রান্ত পরিকল্পনার বিষয়ে মতবিনিময় করেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম